কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর
# Bangladesh Rice Research Institute, Gazipur

**Phone:** PABX-88-02-49272005-14, Fax: 88-02-49272000
**E-mail:** brrihq@yahoo.com, dg@brri.gov.bd **Website:** www.brri.gov.bd

পত্র নং-১২.২২.০০০০.০২৬.৩৪.০০১.২৩/২১৬৩

তারিখঃ ২৪/০৩/২০২৪ বঙ্গাব্দ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি নং-১ (২০২৩-২০২৪)

ব্রিতে বাস্তবায়নাধীন পাঁচ বছর মেয়াদি (৩০/০৯/২০২৩ থেকে ২৯/০৯/২০২৮ পর্যন্ত) USAID এর আর্থিক সহায়তায় Feed the Future Innovation Lab for Climate Resilient Cereals (CRCIL)-BRRI শীর্ষক প্রকল্পের প্রকল্প প্রস্তাব অনুযায়ী বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), গাজীপুর-১৭০১ এর বিভিন্ন গবেষণা বিভাগ ও প্রকল্প ব্যবস্থাপনার জন্য বিভিন্ন পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

| ক্র. নং | পদের নাম ও সাকুল্যে বেতন | পদের সংখ্যা | বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে সর্বোচ্চ বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (উদ্ভিদ প্রজনন ও প্রকল্প ব্যবস্থাপনা)- ১<br>সাকুল্যে বেতন- ৫৫,০০০/- (পঞ্চান্ন হাজার টাকা মাত্র); বছরে সাকুল্যে বেতনের সমপরিমান দুইটি উৎসব ভাতা এবং সাকুল্যে বেতনের শতকরা ২০ ভাগের সমমান একটি বৈশাখী ভাতা | ১(এক)টি | ৩৪ বৎসর; অভিজ্ঞতা সম্পন্ন ও বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথীলযোগ্য। | ক. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিজ্ঞান অথবা সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রী এবং গবেষণা জার্নালে অন্যূন ৩ (তিন) টি পূর্ণ গবেষণা প্রকাশনাসহ অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী এবং গবেষণা জার্নালে অন্যূন ৩ (তিন) টি পূর্ণ গবেষণা প্রকাশনাসহ অন্যূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে।<br>খ. বায়ো-ইনফরমেটিকস ও মলিকুলার ব্রিডিং এবং প্রকল্প ব্যবস্থাপনায় অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থিদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ২ | বৈজ্ঞানিক কর্মকর্তা-<br>উদ্ভিদ প্রজনন-৪,<br>উদ্ভিদ শরীরতত্ব-১<br>উদ্ভিদ রোগতত্ত্ব-১ ।<br>সাকুল্যে বেতন- ৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার টাকা মাত্র); বছরে সাকুল্যে বেতনের সমপরিমান দুইটি উৎসব ভাতা এবং সাকুল্যে বেতনের শতকরা ২০ ভাগের সমমান একটি বৈশাখী ভাতা | ৬(ছয়)টি | ৩০ বৎসর; অভিজ্ঞতা সম্পন্ন ও বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথীলযোগ্য। | ক. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিজ্ঞান বিষয়ে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রী; তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে।<br>খ. বৈজ্ঞানিক কর্মকর্তা পদে অথবা সহকারী গবেষক অথবা কৃষি গবেষণায় কমপক্ষে ২ (দুই) বছরের কর্ম অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩ | অ্যাকাউন্টেন্ট-কাম-কম্পিউটার অপারেটর (১); সাকুল্যে বেতন- ৩২,০০০/- (বত্রিশ হাজার টাকা মাত্র); বছরে সাকুল্যে বেতনের সমপরিমান দুইটি উৎসব ভাতা এবং সাকুল্যে বেতনের শতকরা ২০ ভাগের সমমান একটি বৈশাখী ভাতা | ১(এক)টি | ৩০ বৎসর; অভিজ্ঞতা সম্পন্ন ও বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথীলযোগ্য | ক. কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে মাস্টার্স ইন কমার্স ডিগ্রী। তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে।<br>খ. অ্যাকাউন্টেন্ট-কাম-কম্পিউটার অপারেটর পদে কমপক্ষে ৬ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৪ | ড্রাইভার (১); সাকুল্যে বেতন- ২৫,০০০/- (পঁচিশ হাজার টাকা মাত্র); বছরে সাকুল্যে বেতনের সমপরিমান দুইটি উৎসব ভাতা এবং সাকুল্যে বেতনের শতকরা ২০ ভাগের সমমান একটি বৈশাখী ভাতা | ১(এক)টি | ৩০ বৎসর; অভিজ্ঞতা সম্পন্ন ও বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ও শিক্ষাগত যোগ্যতা শিথীলযোগ্য | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ হালকা বা ভারী যানবহন চালনার ড্রাইভিং লাইসেন্সধারী এবং সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |

নিয়োগদানের শর্তাবলী:

(ক) সাদা কাগজে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, মোবাইল/টেলিফোন নম্বর (যদি থাকে), জন্ম তারিখ, বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে বয়স, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, পরীক্ষা পাশের বিভাগ/শ্রেণি/জিপিএ, বৎসর উল্লেখপূর্বক জীবন বৃত্তান্তসহ আবেদন করিতে হইবে। আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত কপি, প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র এবং স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নিজ জেলা উল্লেখপূর্বক নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি ও প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি রঙ্গিন ছবিসহ যাবতীয় সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করিয়া দিতে হইবে।

(খ) আবেদকারীর বয়স: বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তার ক্ষেত্রে সর্বোচ্চ বয়স ৩৪ বৎসর এবং বৈজ্ঞানিক কর্মকর্তা, অ্যাকাউন্টেন্ট কাম-কম্পিউটার অপারেটর এবং ড্রাইভারের ক্ষেত্রে বয়স ১৮ হইতে ৩০ বৎসরের মধ্যে হইতে হইবে। তবে শর্ত থাকে যে, অভিজ্ঞতা সম্পন্ন বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা শিথীলযোগ্য।

(গ) এ প্রকল্পের সকল পদসমূহ সম্পূর্ণ অস্থায়ী এবং পরবর্তীতে কোন অবস্থাতেই রাজস্ব খাতে স্থানান্তরযোগ্য নহে।

(ঘ) আবেদনপত্রে ও খামের উপর আবেদনকৃত পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করিতে হইবে।

(ঙ) পরীক্ষার ফি বাবদ মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) গাজীপুর এর অনুকূলে অফেরৎযোগ্য ২০০/-(দুইশত) টাকার ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সাথে সংযুক্ত করিতে হইবে।

(চ) নিয়োগ পরীক্ষা মৌখিক/ব্যবহারিকভাবে গ্রহণ করা হইবে।

(ছ) সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

(জ) আবেদনপত্রের অগ্রিম কপির ভিত্তিতে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হইবে না। প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র সর্বাধিক উপর্যুক্ত প্রার্থীগণকে মৌখিক অথবা ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য ডাকা হইবে।

(ঝ) চুড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণ ব্রি-সদর দপ্তর এবং ইহার অধীনস্থ যেকোন আঞ্চলিক কার্যালয়ে চাকরি করিতে হইবে।

(ঞ) নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

(ট) অস্পষ্ট/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত অথবা আবেদনপত্রে কোন প্রকার সুপারিশ থাকলে আবেদনপত্র সরাসরি বাতিল করা হইবে।

(ঠ) কোন প্রার্থী ভূয়া/জাল/প্রতারণামূলক কাগজ প্রদর্শন করিয়া নিয়োগ লাভ করিলে এবং পরবর্তীতে কর্তৃপক্ষের গোচরীভূত হইলে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে উক্ত প্রার্থী/প্রার্থীনীর নিয়োগ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(ড) আবেদনপত্র মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) গাজীপুর-১৭০১ এর বরাবর আগামী ০৭/০৪/২০২৪খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/কুরিয়ারে অবশ্যই পৌঁছাইতে হইবে।

(ঢ) কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যেকোন আবেদনপত্র বাতিলের অধিকার সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ প্রয়োজনে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করিতে পারিবেন।

(ণ) নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

২৮/৩/২০২৪

(ড. মো: শাহজাহান কবীর)
মহাপরিচালক (গ্রেড-১), ব্রি